



## বাংলার সময় বগুড়াতে সমবায় ভিত্তিতে চাষাবাদ, উপকৃত হচ্ছে কৃষক

সময় সংবাদ



দেশে আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তি ব্যবহারের অন্যতম বড় প্রতিবন্ধকতা হলো জমির খণ্ড খণ্ড আইল। তাই কৃষি জমির আইল উঠিয়ে দিয়ে সমবায় ভিত্তিক যান্ত্রিক পদ্ধতিতে পরীক্ষামূলক চাষাবাদ শুরু হয়েছে বগুড়ার শেরপুরের চকপাথালিয়া এবং ফুলবাড়ী গ্রামে।

এলাকার ৪২ জন গ্রামবাসী ৬২টি জমির আইল তুলে দিয়ে ১৬টি প্লট তৈরী করে আমন ধান চাষ করেন। কৃষি সেচ, কাটা মাড়াই যন্ত্রপাতি ব্যবহার করে ধান উৎপাদনে তারা বেশ লাভবান হয়েছেন। সমবায় পদ্ধতিতে কৃষি শ্রমিকের খরচ কমে গেছে, বিঘা প্রতি জমিতে ধানের উৎপাদন বেড়েছে ৩ থেকে ৪ মন। এ পদ্ধতিতে চাষাবাদে আগ্রহী এলাকার অন্যান্য কৃষক।

মঙ্গলবার (২৬ নভেম্বর) পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী তাজুল ইসলাম, প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য, বগুড়ার সংসদ সদস্য হাবিবুর রহমান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব রেজাউল আহসানপল্লী উন্নয়ন একাডেমির মহাপরিচালক আমিনুল ইসলাম এই মাঠগুলি পরিদর্শন করেন এবং ধান কাটা উদ্বোধন করেন।

এ সময় সমবায়ী কৃষকরা জানান, দলবদ্ধভাবে চাষাবাদ করে তারা উপকৃত হচ্ছেন। প্রতি বিঘাতে এবার ৩ থেকে ৪ মণ ধান বেশী উৎপাদন হয়েছে। খরচও কম হয়েছে।